গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
ত্রাণ শাখা
www.nilphamari.gov.bd

স্মারক নং- ৫১.০১.৭৩০০.০১৩.৪২.০০৯.২৫- ২০৬ | তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ / ১২ মে, ২০২৫

বিষয়: ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ৩য় কিস্তির বরাদ্দকৃত নগদ অর্থ ও খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০১.২৫-৬৫, তারিখ: ২৭/০৩/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় ৩য় কিস্তির উপজেলাওয়ারী বরাদ্দকৃত নগদ অর্থ ও খাদ্যশস্য (চাল ও গম) প্রকল্প তালিকা পাওয়া যায়। উক্ত প্রকল্প তালিকা জেলা কর্ণধার কমিটির আগামী সভায় ভূতাপেক্ষ অনুমোদন স্বাপেক্ষে প্রকল্প তালিকা নিম্নবর্ণিত শর্তাবলী ও সর্বশেষ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলায় অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| উপজেলার নাম | বরাদ্দকৃত নগদ টাকা/খাদ্যশস্যের (মে:টন) পরিমাণ | | | গৃহীত প্রকল্প সংখ্যা | | | উপ-বরাদ্দকৃত নগদ টাকা/খাদ্যশস্যের (মে:টন) পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | টাকা | চাল | গম | টাকা | চাল | গম | টাকা | চাল | গম |
| ডোমার | ৬৫৩২৩৬৭.৩৭ | ৩৭.৩২৮ | ৩৭.৩২৮ | ১৭টি | ১২টি | ১২টি | ৬৫৩২৩৬৭.৩৭ | ৩৭.৩২৮ | ৩৭.৩২৮ |
| জলঢাকা | ৮২১২২৮৬.৮৩ | ৪৬.৯২৭ | ৪৬.৯২৭ | ২৭টি | ১২টি | ১২টি | ৮২১২২৮৬.৮৩ | ৪৬.৯২৭ | ৪৬.৯২৭ |

শর্তাবলী:

০১। ২০২৪-২০২৫ অর্থ বছরে ৩য় কিস্তিতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ১৫/০৬/২০২৫ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে

০২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ (সংশোধনীসহ) যথাযথভাবে অনুসরণ করতে হবে

০৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির নির্দেশিকা- ২০২১ এর অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে

০৪। এ ব্যয় বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (টাকা) ও ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে নির্বাহ করতে হবে

০৫। প্রি-ওয়ার্ড পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে

০৬। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে

০৭। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে

০৮। প্রকল্পের প্রাক্কলন অনুমোদন না করে কোন প্রকল্পের ডিও এবং বিল প্রদান করা যাবে না

০৯। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পুর্ণ করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করা। অব্যায়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে

১০। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে

১১। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে

১২। নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও মাষ্টাররোল/ভাউচার তাঁর কার্যালয়ে (পিআইও অফিসে) সংরক্ষণ করতে হবে

১২/০৫/২৫
(মো: মনোয়ারুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক
নীলফামারীর পক্ষে

প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার
ডোমার/জলঢাকা, নীলফামারী

১২/০৫/২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
০২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
০৫। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), নীলফামারী কালেক্টরেট, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য
০৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী। ইহা জেলা প্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
০৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী
০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, নীলফামারী
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডোমার/জলঢাকা, নীলফামারী
১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ডোমার/জলঢাকা, নীলফামারী
১১। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, ডোমার/জলঢাকা, নীলফামারী
১২। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
ত্রাণ শাখা
www.nilphamari.gov.bd

স্মারক নং- ৫১.০১.৭৩০০.০১৩.৪২.০০৮.২৫- 209

তারিখ: ২৯ বৈশাক ১৪৩২ / ১২ মে, ২০২৫

বিষয়: ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ৩য় কিস্তির বরাদ্দকৃত অর্থের উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা'র স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৫- ৪৫, তারিখ: ২৭/০৩/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ৩য় কিস্তির উপজেলাওয়ারী বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা সংশ্লিষ্ট উপজেলা হতে পাওয়া যায়। উক্ত প্রকল্প তালিকা অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির আগামী সভায় ভূতাপেক্ষ অনুমোদন স্বাপেক্ষে প্রকল্প তালিকা নিম্নবর্ণিত শর্তাবলী ও সর্বশেষ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলায় অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্র: নং | উপজেলার নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | গৃহীত প্রকল্প সংখ্যা | উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | ডোমার | ৫৯৫৪৫৩৮.৫২ | ৩৩টি | ৫৯৫৪৫৩৮.৫২ |
| ০২ | জলঢাকা | ৭৬৩০০৫০.৯১ | ৪৮টি | ৭৬৩০০৫০.৯১ |

শর্তাবলী:

০১। এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ১৫/০৬/২০২৫ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে
০২। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ (সংশোধনীসহ) এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে
০৩। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পুর্ণ করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করতে হবে এবং অব্যায়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে
০৪। প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন পূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে
০৫। প্রি-ওয়ার্ড মেজারমেন্ট/প্রাক্কলন (কেবল মাত্র মাটির কাজের জন্য) ব্যতীত প্রকল্পের সম্পদ ছাড় করা যাবে না; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়
০৬। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে
০৭। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে
০৮। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতদকে পিআইসি'র সভাপতি করতে হবে
০৯। এ ব্যয় বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করতে হবে
১০। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে
১১। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে
১২। নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও মাষ্টাররোল/ভাউচার তাঁর কার্যালয়ে (পিআইও অফিসে) সংরক্ষণ করতে হবে

১২/০৫/২৫
(মো: মনোয়ারুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক
নীলফামারীর পক্ষে
১২/০৫/২৫

প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার
ডোমার/জলঢাকা, নীলফামারী

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
০২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
০৫। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), নীলফামারী কালেক্টরেট, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য
০৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী। ইহা জেলা প্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
০৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, নীলফামারী
০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডোমার/জলঢাকা, নীলফামারী
০৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, ডোমার/জলঢাকা, নীলফামারী
১০। সংরক্ষিত নথি